# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৪০৭

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس )

পরিচ্ছেদঃ ২. প্রথম অনুচ্ছেদ - পাদুকা সম্পর্কীয় বর্ণনা

الْفَصْلُ الْأَوَّلُ

আরবী

عَنِ ابْنِ عُمَرَ قَالَ: رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَلْبَسُ النِّعَالَ الَّتِي ليسَ فِيهَا شعرٌ. رَوَاهُ الْبُخَارِيّ

বাংলা

৪৪০৭-[১] ’আবদুল্লাহ ইবনু ’উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে এমন স্যান্ডেল (জুতা) পরিধান করতে দেখেছি, যাতে পশম ছিল না। (বুখারী)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৫৮৫১, মুসলিম (১১৮৭)-২৫, সহীহ ইবনু হিব্বান ৩৭৬৩, আবূ দাঊদ ১৭৭২, নাসায়ী ৫২৪৪, মুওয়াত্ত্বা মালিক ১১৯৫, মুসনাদে আহমাদ ১৪১৪, শু‘আবুল ঈমান ৬২৮১, আস্ সুনানুল কুবরা লিল বায়হাক্বী ১৪১৪।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ ইমাম খত্ত্বাবী (রহিমাহুল্লাহ) ইবনু ‘উমার (রাঃ) কর্তৃক বর্ণিত হাদীস, ‘‘নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর চামড়ার জুতা পরিধান করা ও ওটার প্রতি ভালোবাসা থেকে সর্বাবস্থায় তা পরিধান করা বৈধতার দলীল গ্রহণ করেছেন। আর আহমাদ (রহিমাহুল্লাহ) বলেছেন যে, তিনি বাশির ইবনু খাসাসিয়্যাহ্-এর বর্ণিত হাদীসের কারণে কবরস্থানে জুতা পরিধান করে আসা অপছন্দ করতেন। উক্ত হাদীসে রয়েছে তিনি [বাশির ইবনু খাসাসিয়্যাহ্ (রাঃ)] বলেনঃ আমি একবার জুতা পড়ে কবরস্থানে যাচ্ছিলাম হঠাৎ আমার পেছন থেকে ডেকে বললো, ‘‘হে চামড়ার জুতা পরিহিত ব্যক্তি! এ জায়গায় আসলে জুতা খুলতে হয়। এ হাদীসটি আহমাদ ও আবূ দাঊদ বর্ণনা করেছেন, আর হাকিম এটাকে বিশুদ্ধ বলেছেন। আর এ থেকে উল্লেখিত দলীলও গ্রহণ করেছেন। ইমাম ত্বহাবী (রহিমাহুল্লাহ) বলেছেনঃ ‘‘জুতায় নাপাকি থাকলে তা কবরস্থানে খুলে ফেলা বৈধ। অবশ্য হাদীসে বর্ণিত রয়েছে যে,

মৃত ব্যক্তিকে যখন কবর দিয়ে লোকজন প্রত্যাবর্তন করে তখন মৃতব্যক্তি লোকজনদের পায়ের জুতার আওয়াজ শুনতে পায়। আর এ হাদীস প্রমাণ করে যে, কবরস্থানে জুতা পরিধান করে যাওয়া বৈধ।

তিনি আরো বলেন, ‘‘আনাস (রাঃ) কর্তৃক বর্ণিত হাদীস দ্বারা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর মসজিদে জুতা পরিধান করে যাওয়ার প্রমাণ পাওয়া যায়। আর মসজিদে জুতা পরিধান করে প্রবেশ করা বৈধ হলে কবরস্থানে এটা বৈধ হওয়া তো আরো অগ্রগণ্য। (ফাতহুল বারী ১০ম খন্ড, হাঃ ৫৮৫১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75131

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন